DPG

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা মন্ত্রণালয়।

স্মারক নং সেকায়েপ/এসএমএ/৭৮/০৯/ ৬৮৪

তারিখ: ৩০চৈত্র ১৪১৬
১৩ এপ্রিল ২০১০

# বিজ্ঞপ্তি

শিক্ষা প্রতিষ্ঠানের প্রাতিষ্ঠানিক শক্তি বৃদ্ধি, শিক্ষার পরিবেশ উন্নয়ন এবং শিক্ষা ক্ষেত্রে সামাজিক জবাবদিহিতা বৃদ্ধির লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯৯৩ সাল থেকে এফ এস এস এ পি- ১ম পর্যায় প্রকল্পভুক্ত বিদ্যালয়সমূহে শিক্ষক অভিভাবক সমিতি(পি টি এ) গঠন বাধ্যতামূলক করেছেন এবং তখন থেকেই এ সকল বিদ্যালয়ে পি টি এ কার্যকর রয়েছে। এফ এস এস এ পি- ১ম এবং ২য় পর্যায়ের পি টি এ কার্যক্রম থেকে ইতিবাচক ফলাফল লক্ষ্য করা গিয়েছে। পি টি এ কার্যক্রমকে আরো শক্তিশালী ও কার্যকর করার লক্ষ্যে সরকার সেকায়েপ প্রকল্পের আওতায় পি টি এ কে পুনর্গঠনের উদ্যোগ নিয়েছে । এতদউদ্দেশ্যে সেকায়েপভুক্ত সকল প্রতিষ্ঠানে নিম্নরূপভাবে পিটিএ পুর্নগঠন করা হলো :

| সদস্য | সংখ্যা |
|---|---|
| অভিভাবক প্রতিনিধি | ১০ |
| শিক্ষক প্রতিনিধি | ০৫ |
| ব্যবস্থাপনা কমিটি কর্তৃক মনোনীত একজন অভিভাবক | ০১ |
| মোট | ১৬ |

কার্যকরী কমিটিতে একজন সভাপতি, একজন সহসভাপতি এবং একজন সদস্য সচিব নির্বাচিত হবেন। নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ে শ্রেণী সংখ্যানুপাতে সদস্য সংখ্যা হ্রাস পাবে।

## ২. কার্যকরী কমিটির সদস্য নির্বাচন:

বছরের প্রারম্ভে শ্রেণী পাঠদান শুরু হওয়ার পনের কার্য দিবসের মধ্যে ব্যবস্থাপনা কমিটির সভা আহ্বান করে শিক্ষক অভিভাবক কার্যকরী সমিতির প্রতিনিধি/সদস্য নির্বাচন সম্পন্ন করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিব সভাপতির সাথে আলোচনাক্রমে উক্ত সভা আহ্বান করবেন।

**২.১ অভিভাবক প্রতিনিধি:** ষষ্ঠ থেকে দশম শ্রেনীর ছাত্র ছাত্রীদের অভিভাবকদের মধ্য হতে, প্রত্যেক শ্রেণী থেকে দু'জন অভিভাবক নির্বাচিত হবেন। প্রতি শ্রেণীর মেধাভিত্তিক দশজন ছাত্র ছাত্রীর অভিভাবকের মধ্য হতে ব্যবস্থাপনা কমিটি নির্বাচন করবে। শুধুমাত্র ষষ্ঠ শ্রেণীর ক্ষেত্রে পাবলিক পরীক্ষার ফলাফল অথবা ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে অভিভাবক নির্বাচন করতে হবে। শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন অভিভাবকগণ অগ্রাধিকার পাবেন। অন্ততপক্ষে চারজন মহিলা

অভিভাবক থাকা বাঞ্ছনীয়। কোন সময় অভিভাবক প্রতিনিধির পদ শূন্য হলে ব্যবস্থাপনা কমিটি এক মাসের মধ্যে পরবর্তী সভায় অথবা বিশেষ সভার মাধ্যমে পদ পূরণ করবে।

**২.২ শিক্ষক প্রতিনিধি:** ষষ্ঠ থেকে দশম শ্রেণীর শ্রেণী শিক্ষক। অন্ততপক্ষে দু'জন মহিলা শিক্ষক অন্তর্ভুক্ত করতে হবে (কর্মরত থাকা সাপেক্ষে)। কোন শ্রেণীতে একাধিক শাখা থাকলে ক-শাখার শ্রেণী শিক্ষক প্রতিনিধিত্ব করবেন।

**২.৩ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক মনোনীত অভিভাবক:** ব্যবস্থাপনা কমিটি অন্যান্য অভিভাবক নির্বাচনের সভায় সংখ্যাগরিষ্ঠ সদস্যের সমর্থনে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত অভিভাবকদের মধ্য হতে একজন অভিভাবক মনোনয়ন দিবে। তবে তিনি কোনক্রমেই উক্ত বিদ্যালয়ের শিক্ষক অথবা কর্মচারী হবেন না। ভোটার তালিকায় নাম নেই অথবা মানসিক ভারসাম্যহীন অথবা ফৌজদারী আইনে দণ্ড প্রাপ্ত কোন ব্যক্তি শিক্ষক অভিভাবক সমিতির সদস্য হতে পারবেন না।

**২.৪ সভাপতি নির্বাচন:** শিক্ষক অভিভাবক কার্যকরী কমিটির সকল প্রতিনিধি নির্বাচনের পর বিদ্যালয়ের প্রধান শিক্ষক ব্যবস্থাপনা কমিটির সভাপতির সাথে আলোচনাক্রমে উক্ত নির্বাচনের পনের দিনের মধ্যে কার্যকরী কমিটির সদস্যদের সভা আহ্বান করবেন।এই সভায় ব্যবস্থাপনা কমিটির সভাপতি সভাপতিত্ব করবেন। সভায় শিক্ষক অভিভাবক সমিতির সদস্যগণের সংখ্যাগরিষ্ঠের সমর্থনে অভিভাবকদের মধ্য হতে সভাপতি নির্বাচিত হবেন। কোন কারণে সভাপতির পদ শূন্য হলে সভাপতি পদপ্রার্থী দ্বিতীয় সমর্থন প্রাপ্ত ব্যক্তি সভাপতি নির্বাচিত হবেন। এক মাসের মধ্যে তা সম্পন্ন করতে হবে।

**২.৫ সহ সভাপতি নির্বাচন:** কার্যকরী কমিটির প্রথম সভায় সভাপতি নির্বাচনের পরপরই সদস্যগণের সংখ্যাগরিষ্ঠের সমর্থনে অভিভাবকদের মধ্য হতে সহ সভাপতি নির্বাচিত হবেন।

**২.৬ সদস্য সচিব নির্বাচন:**

কার্যকরী কমিটির প্রথম সভায় সদস্যগণের সংখ্যা গরিষ্ঠের সমর্থনে শিক্ষক সদস্যগণের মধ্য হতে একজন সদস্য সচিব হবেন। পি টি এ সভাপতি, সহ সভাপতি এবং সদস্য সচিব নির্বাচনের পরপরই এস এম সি সভাপতি তাঁকে সভাপতিত্ব করার জন্য আমন্ত্রণ জানাবেন। পরবর্তীতে পি টি এ সভাপতি সভায় সভাপতিত্ব করবেন। উক্ত সভা পি টি এ কার্যকরী কমিটির প্রথম সভা হিসেবে গণ্য হবে।

**৩. সমিতির মেয়াদ এবং পরিচালন বিধি:**

৩.১ বছরের শুরুতে বিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম আরম্ভ হওয়ার পনের দিনের মধ্যে ব্যবস্থাপনা কমিটির সভায় শিক্ষক অভিভাবক সমিতি গঠন করতে হবে।

৩.২ প্রথম সভার তারিখ হতে শিক্ষক অভিভাবক সমিতির কার্যকরী কমিটির মেয়াদ তিন বৎসর।

৩.৩ কমিটির সভা প্রতি দু' মাসে এক বার অনুষ্ঠিত হবে। পর পর তিনটি সভা অনুষ্ঠিত না হলে কমিটি বাতিল ঘোষিত হবে। পরবর্তী ১(এক) মাসের মধ্যে নূতন কমিটি গঠন করা হবে।

৩.৪ কোন সদস্য পর পর তিনটি সভায় অনুপস্থিত থাকলে তাঁর সদস্যপদ বাতিল হবে।

৩.৫ সভাপতির অনুপস্থিতিতে সহ সভাপতি সভায় সভাপতিত্ব করবেন।উভয়ের অনুপস্থিতিতে বয়োজ্যেষ্ঠ অভিভাবক সভাপতিত্ব করবেন।

৩.৬ সাত সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হবে।

৩.৭ কার্যকরী কমিটির সদস্য সচিব সাচিবিক দায়িত্ব পালন করবেন। তিনি শিক্ষক অভিভাবক সমিতির সভার সিদ্ধান্তসমূহ পরবর্তী সভায় অনুমোদনের জন্য পেশ করবেন। সিদ্ধান্তসমূহ অনুমোদনের পর ব্যবস্থাপনা কমিটি, প্রধান শিক্ষক এবং মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অবহিত করবেন। সভার সিদ্ধান্তসমূহ লিপিবদ্ধ করার জন্য নির্দিষ্ট ছক সরবরাহ করা হবে।

৩.৮ শিক্ষক অভিভাবক সমিতির কার্যকরী কমিটির সকল সভা বিদ্যালয় চত্বরে অনুষ্ঠিত হবে।

৩.৯ কোন কারণে পি টি এ কার্যকরি কমিটির কোন পদ শূন্য হলে , ১ (এক) মাসের মধ্যে তা পূরণ করতে হবে।

৩. ১০ শিক্ষা প্রতিষ্ঠান পি টি এ গঠন করে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে প্রকল্প কার্যালয়ে কপি প্রেরণ করবে

৩.১১ শিক্ষা প্রতিষ্ঠান পি টি এ'র সভার কার্যবিবরণী নির্ধারিত ছকে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়ে প্রেরণ করবে।

৪. এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

বিঃ দ্রঃ— নীতিমালা অনুযায়ী P.T.A গঠনপূর্বক আগামী ২০ তাং এর মধ্যে হস্তে জমা দিতে হবে.

প্রফেসর মোঃ নোমান উর রশীদ
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চশিক্ষা
বাংলাদেশ, ঢাকা।